



তথ্যবিবরণী

নম্বর-০২৩

রাসিকের কার্যক্রম বিষয়ে নবনিযুক্ত প্রশাসকের সংবাদ সম্মেলন

রাজশাহী; ০৫ ভাদ্র (২০ আগস্ট):

আজ মঙ্গলবার (২০ আগস্ট) দুপুরে রাজশাহী সিটি কর্পোরেশনের (রাসিক) সিটি হলরুমে রাসিকের সার্বিক কার্যক্রম বিষয়ে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন রাসিকের প্রশাসক ও রাজশাহী বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর।

হুমায়ূন কবীর বলেন, রাসিকের জনগুরুত্বপূর্ণ সেবাসমূহ দ্রুততম সময়ের মধ্যে চালু করা হবে। ইতোমধ্যেই বেশিরভাগ নাগরিক সেবা চালু হয়েছে। যেগুলো বাকি রয়েছে সেগুলোও আজকের মধ্যে চালু হবে। এসময় তিনি বিভিন্ন প্রকল্পের কাজ শুরু করার প্রত্যয় ব্যক্ত করেন।

তিনি বলেন, সিটি কর্পোরেশনের ক্ষয়ক্ষতি নির্ধারণের জন্য কমিটি গঠন করা হয়েছে। গঠিত এ কমিটিকে আগামী সাত কার্যদিবসের মধ্যে ক্ষয়ক্ষতি চিহ্নিতকরণ, সম্ভাব্য পরিমাণ নিরূপণ ও প্রয়োজনীয় ব্যবস্থা নিতে করণীয় প্রস্তাব বিষয়ে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। এছাড়াও সিটি কর্পোরেশনের জনবল যৌক্তিকীকরণের জন্যও আলাদা একটি কমিটি গঠন করা হয়েছে।

দ্রুত সময়ের মধ্যে লুটকৃত মালামাল নগর ভবনে ফেরত দেওয়ার জন্য অনুরোধ জানিয়ে রাসিক প্রশাসক আরও বলেন, নগর ভবন থেকে লুট হওয়া মালামাল রাষ্ট্রীয় সম্পদ। যারা এগুলো লুট করেছে তারা ফৌজদারি অপরাধে অপরাধী। পরবর্তীতে কারো কাছে সিটি কর্পোরেশনের কোনো সম্পদ পাওয়া গেলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

রাসিকের কোনো কাজে দুর্নীতি ও অনিয়মের সুনির্দিষ্ট অভিযোগ পেলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও তিনি প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

পরে সাংবাদিকের বিভিন্ন প্রশ্নের জবাব দেন তিনি। এ সময় তিনি সিটি কর্পোরেশনের কার্যক্রমে সাংবাদিকদের সহযোগিতা কামনা করেন।

সংবাদ সম্মেলনে রাজশাহী সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. এবিএম শরীফ উদ্দিনসহ অন্যান্য কর্মকর্তাগণ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

.....

তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৭:০০ ঘ.